

পাক-রুহের দান কি পাক-রুহ কি লিঙ্গ বিভেদে দান করেন?

মূল শব্দ

χάρις

ক্যারিস-charis = অনুগ্রহ; charismata = অনুগ্রহ দান

না! পৃথিবীস্থ মানুষ নেতা খোঁজার জন্য হয়তো ব্যক্তির বাহ্যিক চেহারা অথবা বুদ্ধির দিকে মনোযোগ দিতে পারে। কিন্তু আল্লাহ্ ত্বকের রং বা বুদ্ধির চেয়ে আরও গভীরে তাকান। লোকেরা হয়তো মানুষের বয়স অথবা শক্তি, জনপ্রিয়তা, ক্ষমতা অথবা ব্যাংক ব্যালেন্স বিবেচনা করতে পারে। কিন্তু ঈশ্বর একজন ব্যক্তির চরিত্র জানেন।

১ শামুয়েল ১৬:৭ আয়াত বলে:


“কিন্তু মাবুদ শামুয়েলকে বললেন, “তার চেহারা কি রকম কিংবা সে কতটা লম্বা তা তুমি দেখতে যেয়ো না, কারণ আমি তাকে অগ্রাহ্য করেছি। মানুষ যা দেখে তাতে কিছু যায়-আসে না, কারণ মানুষ দেখে বাইরের চেহারা কিন্তু মাবুদ দেখেন অন্তর।”

পাক-রুহ আল্লাহ্। তিনি সিদ্ধান্ত নেন। সে দান করে।

কে রূহানিক দান দেয় এই ব্যাপারে বিভ্রান্ত হবেন না। একজন ব্যক্তি রূহানিক দান পায় আল্লাহের কাছ থেকে।

আল্লাহ সিদ্ধান্ত নেন কোন বিশ্বাসী জামাতকে গড়ে তুলে আল্লাহের লক্ষ্য পূরণ করার জন্য কোন রূহানিক দান পাবেন।

আল্লাহের চোখে যাকে উপযুক্ত মনে হয় তিনি তাকেই দান করেন।



রূহানিক দানের তালিকা: ত্রিন্মাকলাপ ও জাতি

নতুন নিয়মে অল্প কিছু রূহানিক দানের তালিকা রয়েছে। রোমীয় ১২ রুকুতে ৭টি দানের কথা বলা হয়েছে। ১ করিন্থীয় ১২ রুকুতে ১১ টি দানের কথা বলা হয়েছে। ১ পিতর ৪ রুকু ২ টি দানের কথা উল্লেখ করেছেন। এই তালিকার দান গুলি সাধারণ বা সহজাত প্রতিভা নয়, এগুলি এমন ত্রিন্মাকলাপ যা পাক-রুহের ক্ষমতায়ন দ্বারা সম্পন্ন হয়। ইফিসীয় ৪: ১১-১২ আয়াতে এমন লোকদের উল্লেখ রয়েছে যারা জামাতের জন্য উপহার স্বরূপ। অনেকেই এই তালিকাটিকে দান/উপহার না বলে পদাধিকার বলেন। এই আয়াতে বলা আছে- আর তিনিই কয়েকজনকে প্রেরিত, কয়েকজনকে ভাববাদী, কয়েকজনকে সুসমাচার তবলিগকারী, ও কয়েকজনকে পালক ও শিক্ষাগুরু করিয়া দান করিয়াছেন। এই তালিকা প্রকাশ করে যে একজন পাক-রুহের উপহার গ্রহণকারী ব্যক্তির কাজ হলো পরিচর্যাকারীদের (পুরো জামাত) গড়ে তোলা। প্রেরিত, ভাববাদী, সুসমাচার তবলিগকারী, পালক ও শিক্ষকরা মসীহের দেহকে সজ্জিত করার কাজে নিযুক্ত। (আপনি কি কিতাব থেকে একটি ভাল উদাহরণ দিতে পারবেন যেখানে একজন নারী নেতৃত্ব দিচ্ছেন? এই ওয়ান পেজারটি দেখুন-)। রূহানিক কাজ করা অথবা পরিচর্যার জন্য রূহানিক সজ্জায় সজ্জিত করা- যে কাজই হোক না কেন- পাক-রুহই সমস্ত কিছু নির্ধারণ করেন!

ক্যারিশমাটা Charismata = আল্লাহের অনুগ্রহ দান

আল্লাহের অনুগ্রহ উদ্ভূত হয়, প্রবাহিত হয় আল্লাহের উদার ও প্রাচুর্যময় চরিত্র থেকে। আল্লাহ্ জামাতকে প্রচুর পরিমাণে তাঁর আনুকূল্য, রহমত ও ক্ষমতায়নকারী উপস্থিতি দেন।

নারী ও পুরুষ উভয়ই আল্লাহের অনুগ্রহ লাভ করে, তাদের শারীরিক গঠন বা লিঙ্গের উপর ভিত্তি করে নয়। আমরা সবাই রূহানিক দান গ্রহণ করি যাতে মসীহের দেহ গড়ে তুলতে পারি ও পরিপক্ব করতে পারি।

“কিতাবে কোন পুরুষ রুহের দানের তালিকা নেই, আবার কোন নারী রুহের দানের তালিকাও নেই”

উপসংহার

যেহেতু আল্লাহ্ হৃদয় দেখেন, সকল বিশ্বাসীদের উচিত মসীহের দেহের উপকার ও গড়ে তোলার জন্য আল্লাহ্ প্রদত্ত রূহানিক দান গুলি অনুশীলন করা। আমরা যেন আল্লাহের কন্যা ও পুত্রদের রূহানিক দান ব্যবহার করা থেকে প্রশমিত করে বা অস্বীকার করে যেন পাক-রুহকে অসম্মান না করি!

চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ্ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?